

বৃহস্পতিবার, ৬ ফেব্রুয়ারি ২০০৩

কৃষি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি কৃষি শিক্ষার উন্নয়নের মাধ্যমে দেশের মাটিতে সোনা ফলানো সম্ভব

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিবেদন

রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াতউদ্দিন আহমেদ বলেছেন, কৃষি শিক্ষার উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের উর্বর মাটিতে সোনা ফলানো সম্ভব। গতকাল বুধবার ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের দিগ্বিদ্যালয় জয়নুন্নাহ আবদীন মিলনাসহিত অনুষ্ঠিত এই সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ১৯৯২ সাল থেকে ১৯৯৯ সাল পর্যন্ত কৃষি ও কৃষি প্রকৌশল এবং তারিখের অনুষ্ঠানের ২০০০ সাল পর্যন্ত ডেটেনারি এনিমেল

হাজবেত্রি ও মাৎস্যবিজ্ঞান অনুষ্ঠানের এবং ২০০১ সাল পর্যন্ত কৃষি অর্থনীতি ও গ্রামীণ ন্যায়বিজ্ঞান অনুষ্ঠানের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন। কৃতিত্বপূর্ণ ফলাফল করায় এ সময় তিনি বিভিন্ন অনুষ্ঠানের হাতক ও হাতকোত্তর পর্যায়ের ৯৪ জন ছাত্রছাত্রী ও শিক্তককে সোনার পদক প্রদান করেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক সমাবর্তন বক্তব্য এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহাম্মদ মুস্তাফিজুর রহমান বাগত বক্তব্য রাখেন। এতে মন্ত্রী, সংসদ সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ, শিক্ষাবিদ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও

ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতি তার বক্তব্যে কৃষি শিক্ষার বিনিয়াদকে শক্ত করতে এই বিশ্ববিদ্যালয়ের অবদান শ্রয়ণ করেন। দুর্ভাবাজার প্রতিযোগিতায় দেশীয় কৃষিপণ্য যেন টিকে থাকতে পারে, সেজন্য তিনি কৃষি শিক্ষার আধুনিকীকরণের ওপর জোর দেন। তিনি বলেন, শিক্ষার উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের উর্বর মাটিতে সোনা ফলানো সম্ভব।

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক তার বক্তব্যে কৃষি বিশ্ববিদ্যালয়কে কৃষি শিক্ষার সর্বোচ্চ বিন্যাসীট হিসেবে উল্লেখ করে গত চার দশকে এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অবদানের কথা তুলে ধরেন।